


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৮৯০

তারিখঃ ১৮/০৬/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৮৩ তম কমিশন সভা অদ্য ১৮/০৬/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায়, Bangladesh Electricity Meter Company Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১০ সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১১ সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা করার সিদ্ধান্তও গৃহীত হয়।
২. Saleh Carpet Mills Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. Metalex Corporation Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ সমাপ্ত বছরের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. এছাড়াও সভায় ফাষ্ট লিজ ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর রাইট শেয়ার (১ঃ৩ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ৩টি শেয়ার এর বিপরিতে ১টি শেয়ার) অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে ফাষ্ট লিজ ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড কে কমিশন ২,৫১,৫৫,৯০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ফেস ভ্যালুতে টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি মূলধনের পর্যাপ্ততা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী চাহিদা পূরণ তথা মূলধন ভিত্তি শক্তিশালী করতে পারবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে Banco Finance and Investment Limited।


১৮/০৬/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র